

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স -২ ১২৮

আগরতলা, ২৪ অক্টোবর, ২০ ১৯

নির্দিষ্ট সময়সীমার মধ্যে ও গুণমান বজায় রেখে  
নগরোন্নয়নের বিভিন্ন প্রকল্পের কাজ শেষ করতে মুখ্যমন্ত্রীর নির্দেশ

মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবের পৌরোহিত্যে ত্রিপুরা আরবান প্ল্যানিং এন্ড ডেভেলাপমেন্ট অথোরিটির বোর্ড মিটিং আজ মহাকরণের এক নৎ সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় ত্রিপুরা আরবান প্ল্যানিং এন্ড ডেভেলাপমেন্ট অথোরিটির বিভিন্ন প্রকল্পের বর্তমান অবস্থা এবং শহর এলাকার উন্নয়নে গৃহীত পদক্ষেপ নিয়ে বিস্তারিত আলোচনা এবং সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় আগরতলা পুর নিগমের মেয়র ড.প্রফুল্লজিৎ সিনহা, বোর্ড এর ভাইস চেয়ারম্যান তথা মুখ্যসচিব ইউ ভেঙ্কটেশ্বরালু ছাড়াও নগরোন্নয়ন দপ্তরের বিশেষ সচিব কিরণ গিত্তে, অতিরিক্ত সচিব ও অধিকর্তা মিলিন্দ রামটেকে ও অন্যান্য আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

মুখ্যমন্ত্রী শ্রীদেব নির্দিষ্ট সময়সীমার মধ্যে নগরোন্নয়নের যেসব প্রকল্প এবং কর্মসূচি নেওয়া হয়েছে তা দ্রুততার সাথে গুণমান বজায় রেখে সম্পন্ন করার পরামর্শ দেন। এছাড়া প্রকল্প সমূহ রূপায়ণের ক্ষেত্রে যেসব সমস্যা রয়েছে তার নিরসন করার উপরও তিনি গুরুত্ব আরোপ করেন। ত্রিপুরা আরবান প্ল্যানিং এন্ড ডেভেলাপমেন্ট অথোরিটির বোর্ড মিটিং-এ পুরানো জেলখানা এলাকায় আই টি পার্ক, আধুনিক হোটেল নির্মাণ এবং হাউসিং কমপ্লেক্স নির্মাণের জন্য কনসালটেন্সী নিয়োগের বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়। বিবেকানন্দ মার্কেট এলাকা, নন্দননগর এলাকা এবং তগৎ সিং ঘূর আবাস সংলগ্ন আরবান ডেভেলাপমেন্টের নিজস্ব জায়গায় টাউনশীপ প্রকল্পের কাজ রূপায়ণের জন্য ঠিকেদার নির্বাচন সংক্রান্ত বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

তাছাড়া এশিয়ান ডেভেলাপমেন্ট ব্যাঙ্কের আর্থিক সহায়তায় রাজ্যের ৭টি জেলার সদর দপ্তরে পরিকাঠামোর উন্নয়ন করা হবে। এই প্রকল্পে এ ডি বি ১৬৫০ কোটি টাকার অনুমোদন দিয়েছে। ইতিমধ্যেই এ ডি বি'র কাছ থেকে প্রজেক্ট রিসোর্স ফিনান্সিং হিসাবে ১৭.৭৫ কোটি টাকার অনুমোদন পাওয়া গেছে। প্রকল্পটি রূপায়ণের জন্যে ইতিমধ্যেই ডোনার মন্ত্রক, মিনিষ্ট্রি অব ইকনোমিক অ্যাফেয়ার্স, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রক, গৃহ ও নগরোন্নয়ন মন্ত্রক এবং নীতি আয়োগের ক্লিয়ারেন্স পাওয়া গেছে।

শীঘ্ৰই এশিয়ান ডেভেলাপমেন্ট ব্যাঙ্কের এক প্রতিনিধিদল রাজ্য সফর কৰবেন বলে বৈঠকে জানানো হয়।

এশিয়ান ইনফ্রাস্ট্রাকচাৰ ইনভেষ্টমেন্টের আৰ্থিক সহায়তায় আগৱতলা পুৱ নিগম এলাকার প্ৰস্তাৱিত পৱিকাঠামো উন্নয়ন প্ৰকল্প নিয়ে আলোচনা হয়। বৈঠকে জানানো হয়, গত ১৪ থেকে ১৮ অক্টোবৰ এশিয়ান ইনফ্রাস্ট্রাকচাৰ ইনভেষ্টমেন্ট ব্যাঙ্কের একটি প্রতিনিধিদল আগৱতলা সফর কৰেছেন। এ বিষয়ে ১৩৪২.৬৪ কোটি টাকার একটি প্ৰাথমিক প্ৰকল্প পাঠানো হয়েছে। কেন্দ্ৰীয় অৰ্থমন্ত্ৰকেৱ অধীন ডিপার্টমেন্ট অব ইকোনোমিক অ্যাফেয়াৰ্স গত ২৩শে অক্টোবৰ এৱ অনুমোদন দিয়েছে। তবে নীতি আয়োগ এবং ডোনাৰ মন্ত্ৰকেৱ অনুমোদনেৱ অপেক্ষায় রয়েছে।

পি এম এ ওয়াই (আৱবান) এই প্ৰকল্পেৱ অধীন আখাউড়া গোলচকৰ এলাকায় লাইট হাউস নিৰ্মাণ প্ৰজেক্টেৱ জন্য কেন্দ্ৰীয় গৃহ ও নগৱোন্নয়ন মন্ত্ৰক কনসালটেন্সি এজেন্সী নিয়োগেৱ জন্য দৱপত্ৰ আহ্বান কৰেছে। এছাড়া বিভিন্ন প্ৰকল্প রূপায়ণেৱ ক্ষেত্ৰে যে যে সমস্যা রয়েছে তা দুত নিৱসনেৱ বিষয়ে আলোচনা হয় এবং সিদ্ধান্ত গৃহীত হয়।

উল্লেখ্য, এবছৰেৱ ৩০ জানুয়াৰি ত্ৰিপুৱা আৱবান প্ৰয়ানিং এন্ড ডেভেলাপমেন্ট অৰ্থৱিতি গঠিত হয়। মুখ্যমন্ত্ৰী বিশ্বব কুমাৰ দেব এৱ চেয়াৰম্যান। রাজ্য নগৱোন্নয়নেৱ ক্ষেত্ৰে সকল শহৰ ও শহৱতলী এলাকাগুলিৰ পদ্ধতিগত ও পৱিকল্পিত উন্নয়নেৱ জন্য ত্ৰিপুৱা আৱবান প্ৰয়ানিং এন্ড ডেভেলাপমেন্ট অৰ্থৱিতি গঠন কৰা হয়।

\*\*\*\*\*